


রেজি নং : ১১২২ রোগের ধরণ : সি. পি
রোগীর নাম : মুনতাহা
পিতার নাম : ফরিদ আহমদ
মাতার নাম : ফাতেমা জান্নাত
ঠিকানা : টুকের বাজার, সিলেট সদর উপজেলা, সিলেট
মোবাইল : ০১৭১০-১৮৬৫৪০

টুকেরবাজার, সিলেট সদর উপজেলার ফরিদ আহমদ ও ফাতেমা জান্নাত এর আদরের একমাত্র মেয়ে মুনতাহা। ২০০৮ সালের ১৩ সেপ্টেম্বর মুনতাহার জন্ম। জন্মের পরপর বাবা- মা কেউই বুঝতে পারেনি তাদের আদরের সন্তান আর দশটা শিশুর মতো স্বাভাবিক নয়। ধীরে ধীরে তারা বুঝতে পারেন মুনতাহা স্বাভাবিকভাবে বেড়ে উঠছে না। উৎকণ্ঠা আর দুশ্চিন্তায় অনেকটা পাগলের মতো হয়ে ওঠেন বাবা-মা। এক সময় তারা আরেকজন রোগীর মুখে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র,তালতলা, সিলেটের কথা শুনে ছুটে আসেন মেয়েকে নিয়ে। কেন্দ্রের কনসালট্যান্ট ডাঃ নীলিমা আহম্মেদ মুনতাহার পরীক্ষা-নিরীক্ষা করে বাবা-মাকে বুঝিয়ে বলেন জন্মের সময় মাথায় আঘাত পাওয়ায় মুনতাহা সেরিব্রাল পলসি'র শিকার। ২০ এপ্রিল ২০১৪ হতে ওই কেন্দ্রে শুরু হয় মুনতাহার থেরাপিউটিক চিকিৎসা ও অন্যান্য পরিচর্যা। প্রায় তিন বছরের নিয়মিত চিকিৎসায় মুনতাহা এখন বসতে ও হাটতে পারছে। কিছু কিছু কথাও ফুটেছে ওর মুখে। কেন্দ্রের কনসালট্যান্ট ডাঃ নীলিমা আহম্মেদ জানিয়েছেন নিয়মিত চিকিৎসা চালিয়ে গেলে মুনতাহা ধীরে ধীরে আরও সুস্থ ও স্বাভাবিক হয়ে উঠবে। মেয়ের অবস্থার উন্নতিতে তার স্বাভাবিক জীবন লাভের আশা করছেন বাবা-মা। এজন্য প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের প্রতি কৃতজ্ঞতার কথা জানান তারা।